

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৯৬

আগরতলা, ২১ জুন, ২০২৪

আসাম রাইফেলস পাবলিক স্কুলে আন্তর্জাতিক যোগা দিবস  
যোগাসনের মধ্য দিয়ে মানসিক ও আধ্যাত্মিক বিকাশ ঘটে : রাজ্যপাল



যোগাসনের মধ্য দিয়ে একজন ব্যক্তির শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক বিকাশ ঘটে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির যোগাসনের জনপ্রিয়তা বৃদ্ধিতে বিশেষ অবদান রয়েছে। ২০১৫ সাল থেকে দেশের বিভিন্ন স্থানে যোগাদিবসের আয়োজন করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যোগাকে জনপ্রিয় করে তুলেছেন। প্রধানমন্ত্রীর জন্যই যোগা আন্তর্জাতিক জনপ্রিয়তা পেয়েছে। ত্রিপুরা সরকারও যোগাকে জনপ্রিয় করে তুলতে ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে। আজ আগরতলায় আসাম রাইফেলস পাবলিক স্কুলে আন্তর্জাতিক যোগা দিবসের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু একথা বলেন। তিনি সাবাইকে যোগাসন করার জন্য আহ্বান জানান।

আসাম রাইফেলস পাবলিক স্কুলে আন্তর্জাতিক যোগা দিবসের উদ্যোক্তা এলিট এইটিন আসাম রাইফেলস। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু এলিট এইটিন আসাম রাইফেলস'র কমান্ডিং অফিসার কর্ণেল ওইনাম আকাশ, অন্যান্য আধিকারিক, জওয়ানগণ, স্কুলের শিক্ষক-শিক্ষিকাগণ যোগাসনে অংশগ্রহণ করেন। অনুষ্ঠান শেষে রাজ্যপাল এলিট এইটিন আসাম রাইফেলস'র জওয়ানগণের সঙ্গে মতবিনিময় করেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*